তারিখ : 17 JUN 2009
পৃষ্ঠা ... ৩ কলাম ... ৫

দৈনিক ইত্তেফাক

ঢাকা : বুধবার, ৩ আষাঢ় ১৪১৬
WEDNESDAY 17 JUNE 2009



# বিশ্ববিদ্যালয় পর্যায়ে গবেষণা কর্মসূচি বৃদ্ধি করা প্রয়োজন : রাষ্ট্রপতি

॥ বাসস ॥

রাষ্ট্রপতি জিল্লুর রহমান বলেছেন, দেশের গ্র্যাজুয়েটরা যাতে সর্বোচ্চ দক্ষতার সঙ্গে আন্তর্জাতিক চ্যালেঞ্জসমূহ মোকাবিলা করতে পারে তার জন্য বিশ্ববিদ্যালয় পর্যায়ে গবেষণা কর্মসূচি বৃদ্ধি করা প্রয়োজন। তিনি বলেন, 'নতুন প্রযুক্তি উদ্ভাবনে উন্নত দেশসমূহের আলোকে আমাদের গবেষণা কর্মসূচি জোরদার করার পাশাপাশি এগুলোর বাস্তবায়ন নিশ্চিত করা প্রয়োজন।' রাষ্ট্রপতি গতকাল মঙ্গলবার রাজধানীর বাংলাদেশ-চীন মৈত্রী সম্মেলন কেন্দ্রে উত্তরা বিশ্ববিদ্যালয়ের প্রথম সমাবর্তন অনুষ্ঠানে ভাষণদানকালে একথা বলেন।

উত্তরা বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর রাষ্ট্রপতি জিল্লুর রহমান বলেন, সময়ের দাবি মেটাতে দেশে বেসরকারি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠা করা হয়। এতে উচ্চ শিক্ষার ক্ষেত্রও সম্প্রসারিত হয়েছে। তিনি বলেন, 'এসব বিশ্ববিদ্যালয়ের শিক্ষার মান নিয়ে যাতে কেউ কোন প্রশ্ন তুলতে না পারে, তা আমাদের নিশ্চিত করতে হবে।' রাষ্ট্রপতি এ বিষয়ে দেশের সকল পরিকল্পনাকারী, শিক্ষক, সুশীল সমাজ ও বাস্তবায়ন সংস্থার প্রতি সম্পদের সর্বোচ্চ ব্যবহার নিশ্চিত করার মাধ্যমে নিজ নিজ স্থান থেকে আন্তরিকতার সাথে দায়িত্ব পালনের আহ্বান জানিয়েছেন। রাষ্ট্রপতি নতুন গ্র্যাজুয়েটদের অভিনন্দন জানিয়ে তাদের দেশ ও এর জনগণের স্বার্থে জীবনব্যাপী দায়িত্ব ও কর্তব্যের প্রতি অঙ্গীকারবদ্ধ থাকার আহ্বান জানান। অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর শিক্ষা, সামাজিক উন্নয়ন ও রাজনীতি বিষয়ক উপদেষ্টা ড. আলাউদ্দিন আহমেদও বক্তব্য রাখেন। সমাবর্তন বক্তব্য দেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর এএসএম আরেফিন সিদ্দিক। অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন উত্তরা বিশ্ববিদ্যালয়ের ভিসি ড. এম আজিজুর রহমান, বোর্ড অব গভর্নরস চেয়ারম্যান ড. এম ফজলুল হক ও ট্রাস্টি বোর্ডের ভাইস চেয়ারম্যান ইয়াসমিন আরা লেখা।